The Financial Express

Unemployment rate reaches highest 28 pc, reveals study

Unemployment rate among the country’s youths reached the highest 28 per cent, according to a study finding.

Apart from this, about 90 per cent of the employed youths are now engaged in the informal sector, while most rural youths work in agriculture and small business-related services and sales, as per the initial findings of the study.

Dr Manoj Roy, a lecturer at Lancaster University, the UK, presented the findings in a discussion titled “Dhaka Dialogue: Youth in Entrepreneurship- Opportunities and Challenges”, organised by the Center for Participatory Research and Development (CPRD) in cooperation with BRAC University in the capital.

Md Shamsuddoha, chief executive of CPRD, delivered the address of welcome while Ayub Khan, deputy director, Department of Social Services, Tushar Kona Khandker, CBI expert, Ministry of Finance, Lakhsana Lucky, assistant director, Department of Women Affairs, and Md Shawkat Ali, assistant director, Department of Youth Development presented their views on the findings.

The study locations were Chapainawabganj, Sirajganj, Dacope, an upazila of Khulna district, Kishoreganj, Hatiya, an upazila of Noakhali district and Ramgati, an upazila of Lakshmipur district.

It aims at generating a deeper understanding of the patterns and drivers of delta livelihood shifts, with a specific focus on young entrepreneurs’ role in diversifying livelihoods.

The study team reached 2.0 million delta dwellers.

Citing the study findings, Dr Manoj Roy said the impediments like lack of cooperation in the government and non-government institutions, infrastructural limitations, lack of financial and technical supports, corruption, and psychological barriers are dampening the speed of the progress of entrepreneurship development.

In the introductory speech, Md Shamsuddoha said youths have to step forward to combat climate change and ensure sustainable development in this era of climate change.

Entrepreneurial activities should march on taking into account the fact of climate change and its consequent impacts, he said.

He stressed taking into consideration the eco-friendly technologies and geo-physical environment of the country while initiating entrepreneurial activities.

Ms Tushar said plenty of opportunities for entrepreneurial activities are there in our country, but they are not being utilised properly.

The merchandise items or services produced at the grassroot level are not being added properly to the market as well as the supply chain therein, she added.

Ms Lakhsana pointed out that the Department of Women Affairs is providing the women entrepreneurs with financial and technical support for entrepreneurial activities.

She stressed that ensuring an entrepreneur-friendly environment and connecting the women folk and the youth community with the entrepreneurial activities is a must to make sustainable development happen.

sajibur@gmail.com

https://thefinancialexpress.com.bd/national/unemployment-rate-reaches-highest-28-pc-reveals-study-1649159749

ভোরের কাগজ Live

মতবিনিময় সভায় বক্তারা

টেকসই উন্নয়ন নিশ্চিতে তরুণ উদ্যোক্তাদের পথ করে দিতে হবে

তরুণ সমাজের বাংলাদেশ বিনির্মাণে অনেক কিছু করার আছে। জলবায়ু পরিবর্তনের এ সময়ে বাংলাদেশের টেকসই উন্নয়ন নিশ্চিত করতে এবং জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলা করতে তরুণ সমাজকে এগিয়ে আসতে হবে বলে মনে করেন নাগরিক সমাজ। তাদের মতে, বাংলাদেশে উদ্যোগমূলক কাজের পথে সবথেকে বড় বাধা হচ্ছে তরুণ সমাজের জন্য আর্থিক এবং কারিগরি সহযোগিতার অপ্রতুলতা। বিভিন্ন সরকারি বেসরকারি অফিস, ব্যাংক, বীমা প্রতিষ্ঠানে কাজের দীর্ঘসূত্রিতা, নীতিগত জটিলতা, সুষ্ঠু উদ্যোগমূলক কাজের পরিবেশ ইত্যাদি বাধাগুলো তরুণদের চলার গতিকে বিনষ্ট করে।

'ব্র্যাক সেন্টার ইন' এর সম্মেলন কক্ষে মঙ্গলবার (৫ এপ্রিল) সেন্টার ফর পার্টিসিপেটরি রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (সিপিআরডি), ব্র্যাক বিশ্ববিদ্যালয়, দ্বীপ উন্নয়ন সংস্থা, মানব মুক্তি সংস্থা, পিপল'স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টশন, প্রয়াস মানবিক উন্নয়ন স্যোসাইটি এবং সুশীলন এর উদ্যোগে 'ঢাকা সংলাপ: উদ্যোক্তা হিসাবে তরুণ সমাজ – সম্ভাবনা ও চ্যালেঞ্জ' শীর্ষক নাগরিক মতবিনিময় সভায় বিভিন্ন স্থানের নাগরিক সমাজ অংশ নিয়ে এসব কথা বলেন। তরুণ সমাজের সামনে থেকে সব ধরনের বাধা অপসারণ করার আহ্বান জানান তারা।

বেঙ্গল ডেল্টা অঞ্চলে তরুণ সমাজের উদ্যোগমূলক কাজের সম্ভাবনা এবং আগামীর পথের রূপরেখা উন্মোচন করতে একটি গবেষণার অংশ হিসাবে এই সংলাপের আয়োজন করা হয়। সংলাপটিতে উদ্বোধনী অধিবেশনের পরে তিনটি এক্সপার্ট সেশন অনুষ্ঠিত হয়।

সংলাপে সূচনা বক্তব্য উপস্থাপন করেন সিপিআরডি'র প্রধান নির্বাহী মো: শামসুদ্দোহা, লিখিত বক্তব্য উপস্থাপন করেন ল্যাঙ্ক্যাস্টার বিশ্ববিদ্যালয়ের প্রভাষক ড. মনোজ রায়। এছাড়াও বক্তব্য

রাখেন সমাজ সেবা অধিদপ্তরের উপ-পরিচালক আইয়ুব খান, মহিলা বিষয়ক অধিদপ্তরের সহকারী পরিচালক লাখসানা লাকী, যুবউন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক মো. শওকত আলী, অর্থ মন্ত্রণালয়ের সি.বি.আই বিশেষজ্ঞ তুষার কণা খন্দকার সহ বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান এবং নাগরিক সংগঠনের কর্মকর্তা ও প্রতিনিধিরা।

সংলাপের সূচনা বক্তব্যে সিপিআরডির নির্বাহী প্রধান মো. শামসুদ্দোহা বলেন, জলবায়ু পরিবর্তনের এই সময়ে বাংলাদেশের টেকসই উন্নয়ন নিশ্চিত করতে এবং জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলা করতে তরুণ সমাজকে এগিয়ে আসতে হবে। জলবায়ু পরিবর্তন ও এর বিরূপ প্রভাব মোকাবেলা করেই উদ্যোগমূলক কর্মকাণ্ডকে এগিয়ে নিয়ে যেতে হবে। উদ্যোগমূলক কাজের ক্ষেত্রে পরিবেশবান্ধব প্রযুক্তি এবং বাংলাদেশের ভূ-প্রাকৃতিক পরিবেশ পরিস্থিতিকে বিবেচনায় নেয়ার প্রতি তিনি তাগিদ দেন।

ড. মনোজ রায় তার বক্তব্যের শুরুতে গবেষণা কার্যক্রমটির ব্যাপ্তি, লক্ষ্য এবং উদ্দেশ্য নিয়ে আলোচনা করেন। তিনি বলেন , ভবিষ্যত টেকসই উন্নয়ন নিশ্চিত করতে হলে উদ্যোগমূলক কাজের বিকল্প নেই। সমসাময়িক বাস্তবতা এবং পরিস্থিতির আলোকে দেখা যাচ্ছে আমদের দেশে তরুণ সমাজের মাঝে উদ্যোগমূলক কাজের আগ্রহ বাড়ছে।

তুষার কণা খন্দকার বলেন, আমাদের দেশে কিছু গবেষণা কার্যক্রম পরিচালনা করা হয় এবং বিশেষজ্ঞ মহল থেকেও বিভিন্ন প্রবন্ধ লিখা হচ্ছে, কিন্তু সমস্যা হচ্ছে সেই কাজগুলোকে সাধারণ মানুষের মাঝে বা তৃণমূল পর্যায়ে নিয়ে যাওয়া হচ্ছে না।

মহিলা বিষয়ক অধিদপ্তরের সহকারী পরিচালক লাখসানা লাকী বলেন, বাংলাদেশের বর্তমান সরকার প্রধানমন্ত্রীর নেতৃত্বে দিন রাত কাজ করে যাচ্ছে। আমরা মহিলা বিষয়ক অধিদপ্তর থেকে নারী উদ্যোক্তাদের উদ্যোগমূলক কাজের জন্য আর্থিক এবং কারিগরি সহায়তা দিয়ে যাচ্ছি। তিনি জোর দিয়ে বলেন আমাদের দেশের টেকসই উন্নয়ন নিশ্চিত করতে হলে দেশে উদ্যোগমূলক কাজের পরিবেশ নিশ্চিত করতে হবে এবং নারীদের এবং তরুণ সমাজকে এ সব কাজের সাথে যুক্ত করতে হবে।

https://www.bhorerkagoj.com/2022/04/05/%E0%A6%9F%E0%A7%87%E0%A6%95%E0%A6%B8%E0%A6%87-%E0%A6%89%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A8%E0%A7%9F%E0%A6%A8-%E0%A6%A8%E0%A6%BF%E0%A6%B6%E0%A7%8D%E0%A6%9A%E0%A6%BF%E0%A6%A4%E0%A7%87-%E0%A6%A4%E0%A6%B0/